

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, সুনামগঞ্জ

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

স্মারক নং- ০৫.৪৬.৯০০০.০০১.৯৯.০১৯.২৩.৮৭

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

" গণ-বিজ্ঞপ্তি "


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি বিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, জেলা প্রশাসক, সুনামগঞ্জ ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতি জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচী ঘোষণা করেছেন: -

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাস্তব ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২২৭-সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর/ বিশ্বভরপুর, সুনামগঞ্জ) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখঃ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর


বিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী
জেলা প্রশাসক, সুনামগঞ্জ

ও
রিটার্নিং অফিসার
নির্বাচনী এলাকা নং- ২২৭-সুনামগঞ্জ-৪

স্মারক নং- ০৫.৪৬.৯০০০.০০১.৯৯.০১৯.২৩.৮৭

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

সদয় জ্ঞাতার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, সিলেট।

৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট।

৪। পুলিশ সুপার, সুনামগঞ্জ।

৬। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/ জেলা প্রশাসক(সার্বিক)/ (রাজস্ব)/শিক্ষা ও আইসিটি, সুনামগঞ্জ।

৭। জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ।

৮। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার.....(সকল), সুনামগঞ্জ (ব্যাপক প্রচারের জন্য ১০ কপি গণ-বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো)।

৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, সুনামগঞ্জ।

১০। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ (ব্যাপক প্রচারের জন্য গণ-বিজ্ঞপ্তির কপি প্রেরণ করা হলো)।

১১। উপজেলা নির্বাচন অফিসার.....(সকল), সুনামগঞ্জ।

১২। সভাপতি/ সম্পাদক, সুনামগঞ্জ প্রেস ক্লাব, সুনামগঞ্জ।

১৩। নোটিশ বোর্ড....., সুনামগঞ্জ।


জেলা প্রশাসক, সুনামগঞ্জ

ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪